# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ পেশাব-পায়খানার আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

৯। যেমন পানি দ্বারা পবিত্রতা অর্জন করা যায়

তেমনি প্রয়োজনে মাটির ঢেলা ইত্যাদি দ্বারাও পবিত্রতা অর্জন হয়। রাসুল (ﷺ) পবিত্রতা অর্জনের জন্য মাটির ঢেলা ব্যবহার করেছেন, যেমন তিনি কেবল পানিই ব্যবহার করেছেন। ঢেলার থেকে পানি ব্যবহারে অধিক পবিত্রতা আছে। কুবাবাসীগণ পবিত্রতায় পানি ব্যবহার করতেন বলে মহান আল্লাহ কুরআন অবতীর্ণ করে তাঁদের প্রশংসা করেছেন।[1] পক্ষান্তরে রাসুল (ﷺ) অথবা কুবাবাসীগণ এক সাথে ঢিল ও পানি ব্যবহার করেছেন বলে কোন সহীহ হাদীস নেই।

অবশ্য মাটির ঢেলা না পাওয়া গেলে পাথর, টিসু ইত্যাদি দ্বারাও পেশাব-পায়খানা পরিষ্কার করা যায়। তবে পশুর হাড় ও (শুষ্ক) গোবর দ্বারা পবিত্রতা অর্জন করা নিষিদ্ধ। কারণ তাতে পবিত্রকরণের বৈশিষ্ট্য নেই অথবা তা জিন জাতির খাদ্য।

তদনুরূপ মানুষের খাদ্যকেও পেশাব-পায়খানা পরিষ্কার করার কাজে ব্যবহার করা যাবে না। ব্যবহার করা যাবে না কোন এমন কাগজকে, যাতে কোন তা’যীমযোগ্য কথা লিখা আছে।

## ফুটনোট

[1]. ইরওয়াউল গালীল ৪৫

Source — https://www.hadithbd.com/books/link/?id=6993

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন